

তারিখ ০৯ NOV 1987

পুঁথি ৫ কলাম

## দেশিক ইন্ডিপেন্সি

১২

## শিক্ষাত্মক

### উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ছাত্রদের অধিক ফেলের কারণ কি?

কয়েকদিন আগে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার ৪৭.৪৭%। অর্থাৎ অর্ধেকের বেশী ছাত্র-ছাত্রীই অকৃতকার্য হয়েছে। অধিকাংশ ছাত্র-ছাত্রীর অকৃতকার্য হওয়ার মূল যে কারণগুলো রয়েছে, তার একটি নিয়ে আমি আজ আলোচনা করবো। উচ্চ মাধ্যমিক পরীক্ষার শিক্ষাবর্ষ দু'বছর।

পরের বছরের জুন মাস পর্যন্ত। (যেমন, জুলাই ৮৬—জুন ৮৮) উচ্চ মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হয় সাধারণতঃ জুন মাসে। ফলে, ছাত্র-ছাত্রীরা তাদের শিক্ষাবর্ষের শেষের এক মাস থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া বর্তমানে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তির কাজ সেরে ক্লাস শুরু করতে অধিকাংশ কলেজেই সেপ্টেম্বর শেষ হয়ে যায়। এদিকে ছাত্র-ছাত্রীরা হারাচ্ছে তিন মাস। অর্থাৎ উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীরা তাদের শিক্ষাবর্ষের চার মাস পাচ্ছে না।

তারপর আবার তাদের সিলেবাস

বিশাল। এই বিশাল সিলেবাস এত কম সময়ে শেষ করা সাধারণ ছাত্র-ছাত্রদের পক্ষে সম্ভব হয় না। তাই তারা অকৃতকার্য হয়। অন্যদিকে মাধ্যমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীরা নির্দিষ্ট সময়ের চেয়ে তিন মাস বেশী পার্য। উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কাছে কতিপয় সুপারিশ পেশ করছি।

ক. উচ্চ মাধ্যমিক পরীক্ষা জুলাই মাসে অনুষ্ঠিত হওয়া উচিত। যেহেতু

শিক্ষাবর্ষই শেষ হয় জুন মাসে।

অনুষ্ঠিত হওয়া উচিত। তাহলে ফল তাঙ্গাতাড়ি প্রকাশিত হবে এবং কলেজে ভর্তির কাজ সেরে জুলাই মাসেই। উচ্চ মাধ্যমিক শ্রেণীর ক্লাস শুরু করা সম্ভব হবে। ফলে উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীরা তাদের নায়ে পাঁচ মাস প্রথম তিন মাস ফিরে পাবে।

আমার মনে হয়, উপরোক্ত প্রস্তাব দ্যুটো বাস্তবায়ন করলে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে পাসের হার আরো বেড়ে যাবে। বোর্ড কর্তৃপক্ষ বিষয়টি ভেবে দেখবেন কি?

খেলকার আতিকুর রহমান,